


সামুদ্রিক মৎস্য গবেষণা ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার পরিদর্শন প্রতিবেদন

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে বিগত ১৭-১৯ জুন ২০২২ইং তারিখে সামুদ্রিক মৎস্য গবেষণা ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার পরিদর্শন করা হয়। এ সময় কেন্দ্রে স্থাপিত হ্যাচারীতে উৎপাদিত মাছের পোনা, সামুদ্রিক মাছের গবেষণা কার্যক্রম, কেন্দ্রের ভৌত অবকাঠামো, চলমান উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিতব্য স্থাপনা ও অবকাঠামো ইত্যাদি পরিদর্শন করা হয়।



চিত্র: সামুদ্রিক মৎস্য গবেষণা ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার এর দাপ্তরিক গবেষণা কার্যক্রম পরিদর্শন

ইনস্টিটিউটের মহাপরিচালক ড. ইয়াহিয়া মাহমুদের নেতৃত্বে কেন্দ্রের গবেষণা ও দাপ্তরিক কার্যক্রম সরোজমিনে পরিদর্শন করা হয় ও গবেষণার প্রত্যাশিত ফলাফল অর্জনে বিজ্ঞানীদের গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করা হয়। এ সময় অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন ড. মোঃ ইনামুল হক, সাবেক পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট; জনাব মোঃ শহীদুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা); ড. এহসানুল করিম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব জান্নাতুল ফেরদৌস কুমা, সহকারী পরিচালক (চ.দা.), প্রশাসন ও ব্যবস্থাপনা বিভাগ প্রমুখ।



চিত্র: কেন্দ্রে চলমান উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিতব্য ভৌত অবকাঠামো পরিদর্শন

কেন্দ্র কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিভিত্তিক বিভিন্ন চাষাবাদ সরোজমিনে পরিদর্শন করা হয়। এ সময় সামুদ্রিক মৎস্য গবেষণা ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার এর কেন্দ্র প্রধান ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ শফিকুর রহমানসহ কেন্দ্রের বৈজ্ঞানিক কর্মকর্তাগণ উপস্থিত

(Handwritten signature)

ছিলেন। কেন্দ্রে সামুদ্রিক মাছের প্রজনন গবেষণা, ফিস ড্রায়ারের মাধ্যমে স্বাস্থ্যকর শুটকি উৎপাদন, ভেটকি মাছের খাঁচায় চাষ পদ্ধতি, সী-ইউড চাষ গবেষণা, ওয়েস্টার চাষ গবেষণা কর্মসূচি পরিদর্শন করা হয়।

কেন্দ্রের লাইভ ফিড কালচার, হ্যাচারী কার্যক্রম, মাঠ পর্যায়ে গবেষণা কার্যক্রম ও ভৌত অবকাঠামো পরিদর্শন শেষে কেন্দ্রের কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভায় অংশগ্রহণ করা হয়। মতবিনিময় সভায় কেন্দ্রের বিজ্ঞানীগণ কেন্দ্রের চলমান গবেষণা কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। মতবিনিময় সভায় জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। এসময় কেন্দ্রের কর্মকর্তা/ কর্মচারীগণের নিয়মিত উপস্থিতি, নৈতিকতা, দায়িত্বপরায়ণতা, নিয়মানুবর্তিতা, শিষ্টাচার, সময়ানুবর্তিতা, স্বাস্থ্যসুরক্ষা, কর্মপরিবেশ উন্নয়ন, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন প্রভৃতি বিষয়ে গুরুত্বারোপ করা হয়। পরিশেষে কেন্দ্রের বিজ্ঞানী/ কর্মকর্তা/ কর্মচারীগণকে গবেষণা কার্যক্রম উন্নয়নে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়।

১৯/০৬/২২

(ড. মো: আনিছুর রহমান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

ও

ফেকাল পয়েন্ট (শুদ্ধাচার)
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ-২২০১